দৈনিক ইত্তেফাক

তারিখ ...1 0 SEP 1992 ... ...
পৃষ্ঠা... ... কলাম... ...

৭৫

৪৬

এস এস সি পরীক্ষায়

# নৈর্ব্যক্তিক পদ্ধতি পরিবর্তনের খবর ভিত্তিহীন

॥ স্টাফ রিপোর্টার ॥

আগামী এসএসসি পরীক্ষায় নৈর্ব্যক্তিক পদ্ধতি কিংবা ৫শ' প্রশ্ন সম্বলিত নৈর্ব্যক্তিক গাইড পরিবর্তনের কোন সিদ্ধান্ত নেয়া হয়নি। এসএসসি পরীক্ষা গ্রহণে প্রবর্তিত নতুন শিক্ষা পদ্ধতি আগামী এসএসসি পরীক্ষার পূর্বেই

শেষ পৃঃ ৮-এর কঃ দেখুন

## ভিত্তিহীন

প্রথম পৃষ্ঠার পর

পরিবর্তন করা হচ্ছে এমনি একটি গুজব ছাত্র ও শিক্ষক মহলে প্রচারিত হয়েছে। এ গুজবে বিভ্রান্ত হয়ে ছাত্ররা তা বাতিলের দাবীতে আন্দোলনের ডাক দিয়েছে।

গত তিন দিন যাবত ঢাকার গুটি কয়েক স্কুলের কতিপয় ছাত্র বিভিন্ন স্কুলে গিয়ে ছাত্র-ছাত্রীদেরকে উস্কানি দিচ্ছে। ছাত্ররা মিছিল করে এসে প্রেস ক্লাবের সামনে এবং গতকাল মতিঝিল সরকারী স্কুলের সামনে কয়েকটি গাড়ী ভাঙচুর করেছে। গত ৬ তারিখ ছাত্ররা মিছিল করে জাতীয় প্রেস ক্লাবের সামনে এসে ভাঙচুরের চেষ্টা চালালে রমনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা চাপাতিসহ একজন এবং অস্ত্রসহ অপর একজন ছাত্রকে আটক করেছেন। একটি মহল ছাত্রদেরকে উস্কিয়ে দিচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে। কতিপয় শিক্ষক নামধারী ব্যক্তি এ ব্যাপারে মদদ- যোগাচ্ছে বলে জানা গেছে।

সম্প্রতি একটি জাতীয় দৈনিকে প্রকাশিত ১৯৯৪ সাল থেকে নৈর্ব্যক্তিক পরীক্ষা পদ্ধতি উঠে যাচ্ছে এবং এ বছরই ৫শ' নৈর্ব্যক্তিক প্রশ্নের আংশিক পরিবর্তন হচ্ছে বলে একটি সংবাদ প্রকাশিত হওয়ার পর এ বিভ্রান্তির সৃষ্টি হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, আগামী এসএসসি পরীক্ষায় নৈর্ব্যক্তিক পরীক্ষা পদ্ধতি কিংবা ৫শ' প্রশ্ন সম্বলিত নৈর্ব্যক্তিক গাইড পরিবর্তনের কোন সিদ্ধান্ত শিক্ষা মন্ত্রণালয় নেয়নি।